


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



নং-৪৬.০০.০০০০.০৪২.২২.০০১.১৭- ২১৭৬

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭  
০৫ আগস্ট ২০২০

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি প্রণয়নের জন্য ভার্চুয়াল সভার সিদ্ধান্ত প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার স্মরক নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৫.২০২৯-৬২৭;  
তারিখ: ৩০/০৭/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি প্রণয়নের জন্য ভার্চুয়াল সভার জেলা পরিষদ সংশ্লিষ্ট সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক ০৩(তিন) পাতা।

M. M. Rahman  
(এ কে এম মিজানুর রহমান) ০৫/০৮/২০২০  
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

email:lgzp@lgd.gov.bd

- ১। চেয়ারম্যান, জেলা পরিষদ,..... জেলা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, .....জেলা।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫. ২০২০-২৬২৭

তারিখঃ ৩৫ শ্রাবণ ১৪২৭  
৩০ জুলাই ২০২০

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি প্রণয়নের জন্য ভারুয়াল সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৭ জুলাই ২০২০  
সময় : বেলা ৩:০০ ঘটিকা  
সভাপতি : হেলালুদ্দীন আহমদ  
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। তিনি জানান যে বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর কারণে সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস ২০২০ পালন করতে হবে। সভাপতি আরও বলেন যে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ১৬ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত অন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব দীপক চক্রবর্তী প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

ক্র.	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	(ক) ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান;


২

ক্র.	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.	<p>সকাল ৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত।</p> <p>(ক) লেক সংলগ্ন জাতির পিতার প্রতিকৃতির দু'পাশের রিটেনশন ওয়াল-এর ফাটল মেরামত এবং সৌন্দর্যবৃদ্ধির জন্য লেকের চারপাশে ক্যাকটাস জাতীয় গাছ লাগাবে;</p> <p>(খ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।</p> <p>(গ) লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে</p> <p>(ঘ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ লেক সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;</p> <p>(ঙ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংলগ্ন ফুটওভার ব্রিজটি পরিষ্কার-পরিচ্ছন্ন করাসহ দ্রুত রঙ করতে হবে; এবং</p> <p>(চ) অপ্রয়োজনীয় ও দৃষ্টিকটু বিজ্ঞাপন অপসারণ করতে হবে।</p>	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
৩.	অনুষ্ঠানস্থলে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ নিশ্চিত করতে হবে।	ঢাকা ওয়াসা
৪.	<p>১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের গাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও দোয়া।</p> <p>(ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।</p>	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
৫.	সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর অথবা সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা।	স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ
৬.	স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক ১৫ আগস্ট, ২০২০ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি/ ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ।	<ul style="list-style-type: none"> <li>● স্থানীয় সরকার বিভাগ</li> <li>● স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর</li> </ul>

ক্র.	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	<p>(ক) স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ মাননীয় মন্ত্রীর নেতৃত্বে সকাল ১০.০০ ঘটিকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবে। পরবর্তীতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবে।</p> <p>(খ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এবং ঢাকা ওয়াশা কর্মকর্তাগণ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক এলজিইডি প্রাঙ্গণে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবে;</p> <p>(গ) রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন পরিবহন পুল ভবনে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতি/ ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</li> <li>● ঢাকা ওয়াশা</li> <li>● জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট</li> <li>● রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন</li> </ul>
৭.	<p>ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও স্থাপিত এলইডি, ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ড-এর মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি ব্যাপক প্রচার করতে হবে।</p> <p>(ক) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ডের মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি ব্যাপক প্রচার করতে হবে। এছাড়া নিজস্ব ভবনে জাতীয় শোক দিবসের ড্রপ ওয়াল ব্যানার প্রদর্শন করতে হবে।</p> <p>(খ) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) Webpage ও Facebook এর মাধ্যমে জাতীয় শোক দিবসের On line পোস্টার প্রদর্শন/প্রচারসহ শোক দিবসের কর্মসূচি বহুল প্রচারের ব্যবস্থা করবে।</p>	<p>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ</p>
৮.	<p>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে জেলা পরিষদ ও পৌরসভার অংশগ্রহণসহ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি পূরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে।</p>	<p>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ</p>

ক্র.	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। খ) স্ব স্ব অনুবিভাগ এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবে।	স্থানীয় সরকার বিভাগের সকল অনুবিভাগ
৯.	ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বঙ্গবন্ধুর কর্ম ও জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করবে।	স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ
১০.	স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাবৃন্দ মুজিববর্ষের কোট পিন পরিধান করবে এবং আগস্ট মাসব্যাপী সকল কর্মকর্তা/ কর্মচারীগণ কালো ব্যাজ ধারণ করবে।	স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ
১১.	জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা নিজস্ব বাজেট হতে এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিজস্ব রাজস্ব আয় হতে এ ব্যয় নির্বাহ করবে। এ জন্য পৃথকভাবে অর্থ বরাদ্দ করা হবে না।	স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ
১২	স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের বিষয়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।	● উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল)

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভা সমাপ্ত করেন।

  
 ৩০/৭/২০২০  
 হেলালুদ্দীন আহমদ  
 সিনিয়র সচিব  
 স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫. ২০২০-৬২৭/৩(৩৯)

তারিখঃ

১৫ শ্রাবণ ১৪২৭  
৩০ জুলাই ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। যুগ্মসচিব/যুগ্মপ্রধান/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৭। উপসচিব/উপপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৮। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১২। সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থাঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
- ৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারনী দপ্তর, ঢাকা।

M. M. Rahman

৩০/০৭/২০২০  
এ কে এম মিজানুর রহমান

উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

E-mail: [lgadmin1@lgd.gov.bd](mailto:lgadmin1@lgd.gov.bd)